ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট

১৪- ১৬ নভেম্বর ২০১৯

সংবাদ সংগ্রহ বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য:

১. সাংবাদিকদের সুবিধার্থে উৎসবস্থলে একটি মিডিয়া সেন্টার স্থাপন করা হবে। জরুরি প্রয়োজনে সংবাদ প্রেরণের জন্য মিডিয়া সেন্টারে কম্পিউটার এবং ইন্টারনেটের সুব্যবস্থা থাকবে।

২. সাংবাদিকদের সুবিধার্থে উৎসবস্থলে প্রবেশের জন্য ১ নম্বর ভিআইপি গেট নির্ধারণ করা থাকবে।

৩. সম্প্রচার সহযোগী হিসেবে শুধুমাত্র মাছরাঙা টেলিভিশন পূর্ণাঙ্গ অনুষ্ঠান ধারণ করবে। আগ্রহী সংবাদকর্মীরা মিডিয়া সেন্টার থেকে মাছরাঙা টেলিভিশনের ধারণকৃত উল্লেখযোগ্য মুহূর্তের ভিডিও সংগ্রহ করতে পারবেন। তবে এক্ষেত্রে মাছরাঙা টেলিভিশনের ধারণ করা ফুটেজ সম্প্রচারকালে 'সৌজন্যে মাছরাঙা টেলিভিশন' কথাটি উল্লেখ করার জন্য অনুরোধ করা হলো।

৪. নির্দিষ্ট প্রেস কার্ড ছাড়া অন্য কোনো সাংবাদিক, আলোকচিত্রী বা চিত্রগ্রাহককে উৎসবস্থলে সংবাদ বা ছবি সংগ্রহ না করার জন্য অনুরোধ করা হচ্ছে।

৫. অনুষ্ঠান শুরুর আগে নির্দিষ্ট সময়ে প্রেসকার্ড সরবরাহ করা হবে।

৬. সাংবাদিক, আলোকচিত্রী বা চিত্রগ্রাহককে অবশ্যই তার কর্মক্ষেত্রের পরিচয়পত্র সঙ্গে রাখার এবং প্রয়োজনে নিরাপত্তার স্বার্থে তা প্রদর্শন করতে অনুরোধ জানানো হচ্ছে।

৭. প্রতিদিন একই সময়ে সন্ধ্যা ৬টায় অনুষ্ঠান শুরু হবে। মিডিয়া সেন্টারে নির্দিষ্ট দিনের শিল্পীদের তালিকা, সংক্ষিপ্ত জীবনী, অনুষ্ঠানের বিবরণ এবং সংবাদ বিজ্ঞপ্তি প্রস্তুত থাকবে। মিডিয়া সেন্টার থেকে এসব তথ্য সংগ্রহ করা যাবে এবং এই সময়ে সংবাদকর্মীদের কাছে পেনড্রাইভ রাখার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

৮. উৎসব প্রাঙ্গণে শিল্পীদের কোনো রকমের সাক্ষাৎকার গ্রহণ করা যাবে না। উৎসবের যথাযথ মান বজায় রাখার জন্য কোথাও জড়ো হয়ে কারো সাক্ষাৎকার গ্রহণ করা থেকে বিরত থাকতে বিনীত অনুরোধ জানানো হচ্ছে।

৯. অনুষ্ঠানের প্রতিটি স্লটে শিল্পী মঞ্চে পরিবেশনা আরম্ভ করার পর মাত্র ১০ মিনিট পর্যন্ত ছবি তোলা বা ক্যামেরা চালানো যাবে। এই নির্দিষ্ট সময় পার হবার পর ক্যামেরা বন্ধ করে দিতে হবে, যা মেনে চলা বিশেষ জরুরি।

১০. অনুষ্ঠানের পরিবেশ ও নিয়মশৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে বলে মনে হলে আয়োজক কর্তৃপক্ষ যেকোনো ধরনের সংবাদ সংগ্রহ বা চিত্রধারণ থেকে সংবাদকর্মীকে বিরত থাকার অনুরোধ করতে পারেন। এ বিষয়ে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

১১. দেশ এবং দেশের বাইরের শিল্পীদের নিয়ে বাংলাদেশের সর্বস্তরের মানুষের জন্য এটিই সবচেয়ে বড় পরিসরের সাংস্কৃতিক আয়োজন, তাই নিয়মকানুন ও বাধ্যবাধকতায় কিংবা মিডিয়া সেন্টারের সহযোগিতায় সন্তুষ্ট না হলে অনুগ্রহ করে ধৈর্য হারাবেন না।

১২. সার্বিক নিরাপত্তা ও অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে আয়োজক কর্তৃপক্ষ যেকোনো সিদ্ধান্ত গ্রহণ এবং পরিবর্তন করতে পারবেন।